

পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে ঈদের পরের ০২(দুই) দিন শিশু-কিশোর, প্রতিবন্ধী ও সুবিধাবঞ্চিত শিশু-কিশোরদের বিনা টিকেটে বাংলাদেশ জাতীয় জাদুঘর পরিদর্শন ও শিশুতোষ চলচিত্র প্রদর্শনের ব্যবস্থা।

- ঈদের পরের দিন (সরকারি ছুটির দিন) বিকাল ৩.০০ টা হতে রাত ৮.০০ টা পর্যন্ত শিশু-কিশোর, শিক্ষার্থী, প্রতিবন্ধী ও সুবিধাবঞ্চিত শিশু-কিশোর বিনা টিকেটে জাদুঘরে প্রবেশ এবং তা পরিদর্শনের নিমিত্ত বাংলাদেশ জাতীয় জাদুঘর ও এর নিয়ন্ত্রণাধীন শাখা জাদুঘরসমূহ খোলা থাকবে। তবে সুবিধাবঞ্চিত শিশুদের সাথে আগত অভিভাবক এবং সাধারণ দর্শনার্থীদের জন্য যথারীতি টিকেট প্রযোজ্য হবে।
- ঈদের পরে দ্বিতীয় দিন জাদুঘরের সাধারণ কর্মদিবস বিধায় সকাল ১০.৩০ টা থেকে রাত ৮.০০ টা পর্যন্ত খোলা থাকবে। এদিন শিশু-কিশোর, শিক্ষার্থী, প্রতিবন্ধী ও সুবিধাবঞ্চিত শিশু-কিশোর বিনা টিকেটে জাদুঘরে প্রবেশ এবং তা পরিদর্শন করতে পারবে। তবে সুবিধাবঞ্চিত শিশুদের সাথে আগত অভিভাবক এবং সাধারণ দর্শনার্থীদের জন্য যথারীতি টিকেট প্রযোজ্য হবে।
- শিশু-কিশোরদের বিনোদনের জন্য ঈদের পরের ০২(দুই) দিন বিনা টিকেটে বাংলাদেশ জাতীয় জাদুঘরের প্রধান মিলনায়তন এবং সোহরাওয়ার্দী উদ্যানে অবস্থিত স্বাধীনতা জাদুঘর মিলনায়তনে শিশুতোষ চলচিত্র প্রদর্শন করা হবে।